

ডাকসুর নির্বাচনী প্রচারণা শেষ, সব প্রবেশপথ বন্ধ

প্রতিনিধি, তাবি

: রোববার, ০৭ সেপ্টেম্বর ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের প্রচারণা কার্যক্রম রোববার,(০৭ সেপ্টেম্বর ২০২৫) আনুষ্ঠানিকভাবে শেষ হয়েছে। ২৬ আগস্ট থেকে এ দীর্ঘ প্রাণবন্ত প্রচারণা শেষে এখন প্রার্থীরা অপেক্ষায় আছেন ভোটের মাঠের লড়াইয়ের।

সোমবার ও মঙ্গলবার তাবির সব ক্লাস-পরীক্ষা বন্ধ

ছাত্রদল মনোনীত প্যানেলের শপথ

গুইল চেয়ারে করে প্রচারণায় মেঘমল্লার

গুজবে কান না দেয়ার অনুরোধ প্রশাসনের

আগামীকাল সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে অনুষ্ঠিত হবে ভোটগ্রহণ। সোমবার ও মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস-পরীক্ষা বন্ধ থাকবে।

রোববার প্রচারণার শেষ দিনে ক্যাম্পাসজুড়ে উৎসবমুখর পরিবেশ দেখা গেছে। প্রার্থীরা মিছিল, পথসভা, স্লোগান ও প্রচারপত্রের মাধ্যমে শিক্ষার্থীদের মন জয় করার চেষ্টা করেন। পুরো ক্যাম্পাসে প্রার্থী আর সমর্থকদের সরব উপস্থিতি লক্ষ্য করা গেছে।

কোথাও কোনো উত্তেজনা ও বাকবিতগ্নার ঘটনার খবর পাওয়া যায়নি। নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটকে শান্তিপূর্ণ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য করার জন্য সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। শিক্ষার্থীদের উৎসাহ করা, সবার অংশগ্রহণ নিশ্চিতে নানা প্রদক্ষেপ নেয়া হয়েছে। প্রশাসনের পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীও দায়িত্ব পালন করবে বলে জানান তিনি।

এদিন দুপুরে বিশ্ববিদ্যালয়ের কার্জন হল এলাকায় এবং বিকেলে কলা ভবন-মল চতুর এলাকায় প্রচারণা চালায় ‘স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্যের’ পূর্ণাঙ্গ প্যানেলের ভিপি প্রার্থী উমামা ফাতেমা। সকাল থেকে বিভিন্ন জায়গায় প্রচার প্রচারণা চালিয়েছে কাদের-বাকের নেতৃত্বাধীন প্যানেলের প্রার্থী ও সমর্থকরা। বিকেলে মধুর ক্যান্টিনের সামনে সার্বিক পরিস্থিতি তুলে ধরতে সংবাদ সম্মেলন করে গণতান্ত্রিক ছাত্রসংসদ সমর্থিত বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ প্যানেলের সদস্যারা।

সকাল ও দুপুরে বিশ্ববিদ্যালয়ের কার্জন হল এলাকায় প্রচারণা চালায় শিবির সমর্থিত প্যানেলে ভিপি প্রার্থী সাদিক কায়েম।

রাত আট থেকে সব প্রবেশপথ বন্ধ

ডাকসু নির্বাচনকে কেন্দ্র করে মঙ্গলবার রাত ৮টা থেকে বুধবার সকাল ৬টা পর্যন্ত টানা ৩৪ ঘণ্টা ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রবেশপথ (শাহবাগ, পলাশী, দোয়েল চতুর, শিববাড়ি ক্রসিং, ফুলার রোড, উদয়ন স্কুল ও নীলক্ষ্মেত) সর্বসাধারণের জন্য বন্ধ থাকবে। তবে ঢাবির বৈধ আইডি কার্ডধারী শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা প্রবেশ করতে পারবেন।

বিশ্ববিদ্যালয়ের স্টিকারযুক্ত ও জরুরি সেবায় নিয়োজিত যানবাহন (অ্যাস্ট্রুলেন্স, ডাক্তার, রোগী, আইনশৃঙ্খলা বাহিনী, সাংবাদিক ও ফায়ার সার্ভিসের যানবাহন) ব্যতীত অন্য কোনো যানবাহন ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না। বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের উক্ত সময়ে নিজ নিজ পরিচয়পত্র সঙ্গে রাখতে অনুরোধ জানিয়েছে কর্তৃপক্ষ। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পরিবারের সদস্য যারা বিশ্ববিদ্যালয়ে কর্মরত নয় বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নয়, তারা জরুরি প্রয়োজনে ক্যাম্পাসে আসা-যাওয়া করতে চাইলে প্রক্টর অফিস থেকে নিরাপত্তা পাস সংগ্রহ করতে হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

ছাত্রদল মনোনীত

প্যানেলের শপথ

ডাকসু নির্বাচনকে সামনে রেখে প্রচারণার শেষ দিনে পূর্বঘোষিত ইশতেহারের আদলে শপথ পাঠ করেছে ছাত্রদল মনোনীত আবিদ-হামিম-মায়েদ প্যানেল। রোববার দুপুর দেড়টায় বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক বটতলায় ভিপি প্রার্থী আবিদুল ইসলাম খানের নেতৃত্বে সব হল সংসদ ও কেন্দ্রীয় সংসদের প্রার্থীরা শপথ পাঠ অনুষ্ঠানে অংশ নেন। শুরুতে প্যানেলের কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়াবিষয়ক সম্পাদক পদপ্রার্থী চেমন ফারিয়া ইসলাম মেঘলা জাতীয় সঙ্গীত পাঠের মাধ্যমে শপথ পাঠের উদ্বোধন করেন।

হইলচেয়ারে করে প্রচারণায়

এলেন মেঘমল্লার

হাসপাতাল থেকে ছাড়া পেয়ে আধা ঘণ্টা পরই হাইলচেয়ারে করে সংবাদ সম্মেলনে এসে যোগ দেন ‘প্রতিরোধ পর্ষদ’ প্যানেলের সাধারণ সম্পাদক (জিএস) প্রার্থী মেঘমল্লার বসু। পরে তিনি মধুর ক্যান্টিনের সামনে একটি সংবাদ সম্মেলনে যোগ দেন। তিনি বলেন, আপনারা যাকে খুশি তাকে ভোট দিন, তবে দয়া করে ৯ তারিখে ভোট দিতে আসুন। আপনাদের ভোটে গোটা সমীকরণ বদলে যাবে।

গুজবে কান না দেয়ার অনুরোধ প্রশাসনের

কোনো ধরনের গুজবে কান না দিয়ে ‘নির্ভয়ে’ ভোটকেন্দ্রে আসতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক জসীম উদ্দিন।

রোববার বিকেলে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক ব্রিফিংয়ে তিনি বলেন, গুজবে কান না দেয়ার জন্য আমরা ছাত্রী-ছাত্রীদের প্রতি আহ্বান জানাচ্ছি। গুজব একটা মারাত্মক সামাজিক ব্যাধি। কোনো ঘটনা ঘটে নাই, কিন্তু চতুর্দিকে গুজব রটে যাচ্ছে। কোনো তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ফেইসবুক পেইজ বা ওয়েবসাইট অনুসরণ এবং রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার পরামর্শ দেন অধ্যাপক জসীম।

তিনি বলেন, বুথ সংখ্যা নিয়ে শঙ্কা ছিল। আমরা পরে ৭১০-৮১০ বুথে উন্নীত করেছি। আবাসিক বা অনাবাসিক হোক কেউ যাতে লাইনে দাঢ়িয়ে বিরক্ত বোধ না করে। সবাই এসেই অতি অল্প সময়ে ভোট দিতে পারে। জাল ভোট কোথাও কোথাও তৈরি হচ্ছে। জাল ভোটারও বিভিন্ন দিকে প্রস্তুতি নিচ্ছে আমাদের লাইনে এসে দাঁড়ানোর জন্য। আপনারা জানেন, জাল ভোট শনাক্ত করা একদম সহজ। এরপরেও যদি কেউ তা করে তাকে সরাসরি পুলিশে দেয়ার ব্যবস্থা করা হবে।

১০ দফা সতর্কতা শিক্ষক নেটওয়ার্কের

ডাকসু ও হল সংসদ নির্বাচনকে ঘিরে অনিয়ম ও অস্বচ্ছতার আশঙ্কা প্রকাশ করে ১০ দফা সতর্কতামূলক দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্ক। রোববার দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি উত্থাপন করেন সংগঠনের সদস্যরা। তারা বলেন, ২০১৯ সালের ডাকসু নির্বাচনে পর্যবেক্ষণ করে ঢাবি শিক্ষক নেটওয়ার্ক জানায়, নির্বাচন সর্বাঙ্গীনভাবে সুষ্ঠু হয়নি। সেই অভিজ্ঞতার ভিত্তিতেই এবারের নির্বাচনের আগে থেকে নানা প্রস্তাব ও দাবি জানানো হয়েছে। এর মধ্যে কিছু আংশিক বাস্তবায়ন হলেও অনেক বিষয় এখনও উপেক্ষিত রয়ে গেছে।

প্রতিরোধ পর্ষদের ১১ নারীর

১১ প্রতিশ্রুতি

ডাকসু নির্বাচন সামনে রেখে ১১টি প্রতিশ্রুতি দিয়েছেন ‘প্রতিরোধ পর্ষদ’ প্যানেলের ১১ নারী প্রার্থী। যেখানে সাইবার বুলিং প্রতিরোধ সেল গঠন এবং নারীর প্রজনন স্বাস্থ্যসেবা নিয়ে কাজ করার কথাও বলা হয়েছে।

রোববার বিকেলে মধুর ক্যান্টিনের সামনে সংবাদ সম্মেলনে ‘নারী প্রশ্নে বিন্দুমাত্র ছাড় নয়’ প্রতিপাদ্য নিয়ে ইশতেহার ঘোষণা করেন তারা। ইশতেহার পাঠ করেন প্রতিরোধ পর্ষদ প্যানেল মনোনীত ভিপ্পি প্রার্থী শেখ তাসনিম আফরোজ ইমি, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক প্রার্থী নৃজিয়া হাসিন (রাশা) এবং সদস্য প্রার্থী মিশকাতুল মাশিয়াত।

প্রতিরোধ পর্ষদ ব্যানারে লড়ছেন বামপন্থি সাত ছাত্র সংগঠনের প্রার্থীরা। এসব সংগঠনের মধ্যে রয়েছে- ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বিপ্লবী ছাত্র মৈত্রী, ছাত্র কাউন্সিল, ছাত্র যুব আন্দোলন, পাহাড়ি ছাত্র পরিষদ ও গণতান্ত্রিক ছাত্র মঞ্চ।